



Cosmo School

নোটিশ

বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২২ উপলক্ষ্যে আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা

ভেন্যু : জান্নাত একাডেমি হাই স্কুল, মিরপুর ১১ ঢাকা

১৭ ই সেপ্টেম্বর ২০২২, শনিবার, সকাল ১০:০০টা

১৫/০৯/২২

সম্মানিত অভিভাবক

আসসালামু আলাইকুম।

আগামী ১৭ ই সেপ্টেম্বর, শনিবার কসমো স্কুলের শিক্ষার্থীরা বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে যাচ্ছে। অত্রহী শিক্ষার্থীদের সকাল ৯:৩০ মিনিটে জান্নাত একাডেমী হাই স্কুলে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এ সংক্রান্ত একটি চিঠি নোটিশের সাথে সংযুক্ত করা হলো। অত্রহী প্রার্থীদের জন্য চিঠিতে প্রদত্ত নির্দেশনাসমূহ অনুসরণীয়।

আরো কিছু প্রয়োজনীয় নির্দেশনা নিচে দেওয়া হলো :

- ১ম ও ২য় শ্রেণি শুধুমাত্র চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ৩য় থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা রচনা/ চিত্রাঙ্কন যেকোনো একটিতে অংশগ্রহণ করতে পারবে।
- অভিভাবকরা নিজ দায়িত্বে স্বীয় সন্তানকে নিয়ে প্রতিযোগিতার কেন্দ্রে উপস্থিত থাকবেন।

শিক্ষার্থীদের ড্রেসকোড : শিক্ষার্থীরা স্কুল ইউনিফর্ম পরবে এবং স্কুলের আইডি কার্ড ধারণ করবে।

শিক্ষার্থীদের যা আনতে হবে : অঙ্কন ও লেখার সরঞ্জাম। শিক্ষার্থীরা অবশ্যই পানির বোতল ও রুমাল সাথে রাখবে।

ধন্যবাদান্তে,

কসমো স্কুল

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
ঢাকা জেলা কার্যালয়।
dhakadistrict.bsa@gmail.com



স্মারক নম্বর: বিএসএ-ঢাজে-৪৯/২০২২/১২০(৫০০)

তারিখ: _____

২৪ ভাদ্র ১৪২৯

০৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচিতে শিশুদের অংশগ্রহণ প্রসংগে।

আনন্দের সাথে জানাচ্ছি যে, প্রতি বছরের ন্যায় এ বছরও জেলা প্রশাসন এবং বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা শাখা কর্তৃক বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে শিশুদের জন্য বিভিন্ন প্রতিযোগিতা ও অনুষ্ঠানের আয়োজন করা হবে।

এছাড়া কর্মসূচির অংশ হিসেবে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী শিশুদের মাঝে রচনা এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

১। রচনা প্রতিযোগিতা

- ‘ক’ বিভাগ : ৩য় থেকে ৫ম শ্রেণি, বিষয় : বঙ্গবন্ধুর ছেলেবেলা।
- ‘খ’ বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : বঙ্গবন্ধুর শিশু ভাবনা।
- ‘গ’ বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : বঙ্গবন্ধু ও শিশু অধিকার।

২। চিত্রাংকন প্রতিযোগিতা

- ‘ক’ বিভাগ : ১ম থেকে ৪র্থ শ্রেণি, বিষয়: ইচ্ছেমতো।
- ‘খ’ বিভাগ : ৫ম থেকে ৭ম শ্রেণি, বিষয়: শিশু অধিকার।
- ‘গ’ বিভাগ : ৮ম থেকে ১০ম শ্রেণি, বিষয়: শিশুর সুরক্ষা।
- ‘ঘ’ বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু (১ম থেকে ১০ম শ্রেণি), বিষয়: ইচ্ছেমতো।

তারিখ ও সময়সূচি:

ক. ঢাকা জেলা পর্যায় - ১৭ সেপ্টেম্বর ২০২২, সকাল ১০টা, স্থান: জান্নাত একাডেমী হাই স্কুল, মিরপুর-১১, ঢাকা।

খ. ঢাকা বিভাগীয় পর্যায় - ২০ সেপ্টেম্বর ২০২২, সকাল ১০টা, স্থান: বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা কার্যালয়।

- * আহ্বাহী শিশুদের জেলা পর্যায়ের রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণ করতে হবে।
- * রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার কাগজ ও কার্টিজ পেপার একাডেমি থেকে সরবরাহ করা হবে তবে অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে।
- * ‘ক’ বিভাগের প্রতিযোগিতায় রচনা সর্বোচ্চ ৫০০ শব্দের মধ্যে, ‘খ’ বিভাগের প্রতিযোগিতায় সর্বোচ্চ ৭০০ শব্দের মধ্যে এবং ‘গ’ বিভাগের প্রতিযোগিতায় রচনা সর্বোচ্চ ১০০০ শব্দের মধ্যে হতে হবে।
- * চিত্রাংকনের মাধ্যম : জল রং/প্যাস্টেল রং/পোস্টার রং।

উল্লিখিত কর্মসূচিতে আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক/সভাপতি

-----, ঢাকা।

০৮/০৯/২০২২
রাশিদা বেগম

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি

ঢাকা জেলা।

ফোন: ৪৮০৩৪৩৫৮

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২. জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, ঢাকা (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা জেলা।
৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার....., ঢাকা।
৮. উপজেলা থানা শিক্ষা অফিসার....., ঢাকা।
৯. অফিস কপি।